

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালক এর কার্যালয়  
সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি কাকরাইল, ঢাকা-১০০০।

e-mail: pd.pswsc@dphe.gov.bd

স্মারক নং-৪৬.০৩.২৬০০.৫৪৫.১৪.০০১.২০- ৫০২৭

তারিখঃ ৪/০৭ /২০২২খ্রিঃ

- প্রেরক : প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ)  
সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- প্রাপক : নির্বাহী প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
..... বিভাগ/জেলা.....।
- বিষয় : "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের আওতায় বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২২-২৩ প্রেরণ প্রসঙ্গে।
- সূত্র : প্রধান প্রকৌশলী, জঃস্বঃপ্রঃঅঃ, বাংলাদেশ সরকার, ঢাকার স্মারক নং-৬৭১১ তারিখঃ-৩০/০৬/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারক পত্রের অনুমোদনের প্রেক্ষিতে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বর্তমান অর্থবছরের (২০২২-২০২৩) জন্য ইউনিয়ন প্রতি ২৬টি একক পানির উৎস বরাদ্দ এতদসঙ্গে প্রেরণ করা হলো। অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নলকূপের ৫০% স্থান সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য কর্তৃক এবং অবশিষ্ট স্থান ইউনিয়ন ওয়াটস্যান (WATSAN) কমিটি কর্তৃক নির্বাচন করা হবে। ইউনিয়ন ওয়াটস্যান (WATSAN) কমিটির স্থান তালিকা উপজেলা ওয়াটস্যান (WATSAN) কমিটি কর্তৃক অনুমোদিত হবে।

২। বরাদ্দকৃত পানির উৎসের প্রাক্কলন প্রস্তুত পূর্বক নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আবশ্যিকভাবে প্রাক্কলন অনুমোদন স্বাপেক্ষে দরপত্র আহবান করতে হবে। প্রাক্কলন অনুমোদন ব্যতিরেকে দরপত্র আহবান করা হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর বরাবরে বর্তাবে।

৩। সাবমারসিবল পাম্পযুক্ত পানির উৎসের স্ট্রাকচার অংশের দফাগুলির পরিমাণ ড্রয়িং মোতাবেক যতটুকু দরকার ঠিক ততটুকু ধরেই প্রাক্কলন প্রস্তুত করতে হবে যেন পরবর্তীতে কোন জটিলতা সৃষ্টি না হয়।

৪। বরাদ্দকৃত পানির উৎস সমূহ সংযুক্ত মুখবন্ধ, বরাদ্দপত্র ইত্যাদি অনুসারে দরপত্র আহবানসহ আনুষঙ্গিক কার্যাবলী সম্পন্ন করণের জন্য নির্দেশ প্রদান করা হলো। বর্ধিত প্রকল্পটি জনগুরুত্বপূর্ণ ও অগ্রাধিকার সম্পন্ন বিধায় বিশেষ গুরুত্ব সহকারে এর কার্যক্রম সম্পন্ন করার জন্যও নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তি : ক) মুখবন্ধ ও নীতিমালা।  
খ) বরাদ্দপত্র।

(তুষার মোহিন সাঈখ)  
প্রকল্প পরিচালক(অঃপ্রঃপ্রঃ)

সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প, ঢাকা।

তারিখঃ ০৪/০৭ /২০২২খ্রিঃ

স্মারক নং-৪৬.০৩.২৬০০.৫৪৫.১৪.০০১.২০- ৫০২৭/৫৪/০৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।  
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (পূর্ত/পরিকল্পনা/পানিসম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।  
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর .....সার্কেল .....।  
৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরিকল্পনা/কার্যসূচী ও সমন্বয় বিভাগ/প্রোকিউরমেন্ট ইউনিট, ঢাকা।

(তুষার মোহিন সাঈখ)  
প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ)

সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প, ঢাকা।